বড়মাপের প্রত্যাশা

আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

কে
১
২
৩
৪
৫
৬
৭
৮

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান এই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা, যে-ভালোবাসা বর্তমান বিশ্বে, যেখানে গুরুত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড আমরা ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করা উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তাশক্তির দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

এখানে আপনারা চতুর্থ গ্রেডের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।

এই নির্দেশিকা চতুর্থ গ্রেডে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? চতুর্থ গ্রেড শুরু করার আগে তার কী শেখা উচিত ছিল? সে ৪র্থ গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

অধ্যয়নের সুঅভ্যাস

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার সন্তানকে সাহায্য করার জন্য:

- ❑ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন।
- ❑ আপনার সন্তানকে সংগঠিত হতে সাহায্য করুন।
- ❑ হোমওয়ার্কের জন্য একটি নিয়মিত সময়সূচি প্রণয়ন করুন।
- ❑ নিশ্চিত করুন যে আপনার সন্তান শিক্ষকের হোমওয়ার্কের নীতিমালা সম্পর্কে জানে।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য, দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics.

প্রতিবন্ধী শিক্ষার্থী

শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে যদি সুনির্দিষ্টভাবে কোনকিছু উল্লিখিত না থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষা পাঠক্রমে অংশ নেবে। এই পাঠক্রম ভিন্ন ভিন্ন নির্দেশনা-স্তর ও কাঠামো (যেমন সহযোগিতামূলক দলগত শিক্ষকতার ক্লাস বা স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অনুযায়ী অভিযোজিত করা যেতে পারে। মান পূরণে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তাদানে অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনা সহায়তা যেমন ক্যালকুলেটর ও ভিজ্যুয়াল এইডস, নতুন দক্ষতা শেখার জন্য বাড়তি সময় দেয়া, এবং অর্পিত দায়িত্বের দৈর্ঘ্য হ্রাস।

আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন এখানে তার কিছু নমুনা এখানে দেয়া হল।

মান সম্পর্কে আরও জানার জন্য:

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এই মান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

আপনার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কোন্ কোন্ বিষয়ে গ্রেড স্তরে কাজ করছে? সে উন্নতি করতে পারে এমন ক্ষেত্র আছে কি?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান পড়তে পারে এমন কিছু বই কি আপনি আমাকে দেখাতে পারেন?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হবে তা জানার জন্য:

- ❑ আমার সন্তান কেমন করছে, তার হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

৪ ভাষা শৈলী

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- মুদ্রিত ও ইলেক্ট্রনিক মাধ্যমে সাহিত্যধর্মী রচনা প্রতিদিন নীরবে পাঠ করবে।
- নিজস্ব পড়ার বিষয় স্থির করবে এবং পড়ার ধরন বদলের উপর প্রতিক্রিয়া ব্যক্ত করবে।
- লেখকেরা কীভাবে সাহিত্যের উপাদানগুলো, যেমন উপমা ও পরোক্ষোপমা, ব্যবহার করেন তা অনুধাবন করবে। উপমা দুটি বিষয়ের মধ্যে সরাসরি তুলনা করে, আর পরোক্ষোপমায় উপমান ও উপমেয়র মধ্যে অভেদ কল্পনা করা হয়।
- গুরুত্বপূর্ণ ও অগুরুত্বপূর্ণ বর্ণনা, লেখায় ব্যক্ত বিভিন্ন থিম ও প্রেক্ষাপটের বিভিন্নতা (যেমন সাংস্কৃতিক, গোষ্ঠীগত এবং ঐতিহাসিক) শনাক্ত করার মাধ্যমে রচনা মূল্যায়ন করবে।
- ব্যাখ্যামূলক লেখার জন্য সংগঠনমূলক কাঠামো, যেমন সাদৃশ্য/বৈসাদৃশ্য, কারণ/পরিণাম, এবং কালানুক্রমিক ধারা ব্যবহার করবে।
- লেখকের অন্তর্দৃষ্টি, যুক্তিসঙ্গত ধারাবাহিকতা, বিন্যাস এবং কার্যকর ভাষা প্রয়োগ করে কল্পবিহারী গল্প এবং আখ্যানধর্মী কাহিনি সৃষ্টি করবে।
- নানা ধরনের মননশীল মৌলিক লেখা প্রস্তুত করবে, যেমন স্কুলের প্রতিবেদন।
- তথ্য, মতামত এবং অতিরঞ্জনের মধ্যে তফাত বিচার করে অন্যদের দৃষ্টিভঙ্গি বুঝতে পারবে।
- ব্যাখ্যাধর্মী প্রশ্ন, জিজ্ঞাসা, সারমর্ম রচনা ও যুক্তির ধারা ব্যাখ্যা করবে।
- গ্রেড-স্তরের জন্য প্রযোজ্য বানান, যতিচিহ্ন এবং ক্রিয়া-কালের সঙ্গতি সম্পাদনা করার জন্য নিজের লেখা পর্যালোচনা করবে।

বাড়িতে শেখা

পরিবারগুলোর মাতৃভাষায় এবং এমনকি ইংরেজিতেও, পরবর্তী এই কৌশলগুলি নেয়া যেতে পারে।

আপনার সন্তানকে তার পড়ার জন্য একটি বইয়ের তালিকা তৈরি করতে বলুন। আপনার সন্তান যেসব বই পড়া শেষ করেছে, তালিকায় সেগুলো চিহ্নিত করে নতুন নতুন বই যোগ করতে বলুন। এ বছর চতুর্থ গ্রেডের প্রত্যেক শিক্ষার্থী কমপক্ষে ২৫টি বই পড়ুক, এটিই আমাদের কাম্য, তবে এটি এমন এক তালিকা যা কখনই শেষ হবার নয়!

একটি পারিবারিক বুক-ক্লাব চালু করুন। এমন বই বেছে নিন যা আপনি, আপনার সন্তান এবং পরিবারের অন্যান্য সদস্য পড়বে। বই সম্পর্কে একসাথে কথা বলার জন্য একটি সময় নির্ধারণ করে নিন।

দিনের আলোচ্য খবর আলোচনা করুন। খবরের একটি গুরুত্বপূর্ণ কাহিনি বেছে নিন এবং সেটি আপনার মহল্লার এবং পরিবারের জন্য কী অর্থ বহন করে তা নিয়ে কথা বলুন।

নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি (nypl.org), দি ব্রুকলিন পাবলিক লাইব্রেরি (www.brooklynpubliclibrary.org), সারাবছর সন্তানদের জন্য অনেক বই কর্মসূচি, নমুনা, এবং অন্যান্য সহায়কের সুযোগ দেয়, তা Explore করে দেখুন (www.queenslibrary.org)।

আপনার স্থানীয় লাইব্রেরিতে যাওয়াটাকে একটি সাপ্তাহিক রেওয়াজে পরিণত নিন।

অঙ্ক

বাড়িতে শেখা

আপনার সন্তানকে দালানকোঠা বা পরিচিত দৃশ্যপটে জ্যামিতিক আকার চিহ্নিত করতে উৎসাহিত করুন। যেমন, ব্রুকলিন ব্রিজের ছবিতে সূক্ষ্ম, স্থুল এবং সমকোণ সন্ধান; বেসবল মাঠে চতুর্ভুজ সন্ধান; স্ট্রিটের চিহ্নতে বিভিন্ন ধরনের বহুভুজ সন্ধান।

আপনার সন্তানকে নিউ ইয়র্ক সিটিতে একমাসের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা নিয়ে একটি চার্ট তৈরি করতে বলুন । কী প্যাটার্ন দেখা যাচ্ছে? এই সংখ্যা আগামী সপ্তাহে বা মাসে কেমন ভাবে পরিবর্তন হতে পারে তা নিয়ে কথা বলুন।

বাড়তি খুচরো পয়সা রাখার জন্য একটি বয়াম রাখুন এবং সবাইকে কোন পারিবারিক লক্ষ্যে অংশগ্রহণ করতে বলুন। সপ্তাহে একবার আপনার সন্তানকে পয়সাগুলো যোগ করতে বলুন এবং কবে লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারে, তা অনুমান করতে বলুন।

চারজনকে পরিবেশন করার মত উপযোগী খাবারের একটি পারিবারিক রেসিপি সংগ্রহ করুন। আট জনকে পরিবেশন করতে গেলে এবং দুজনকে পরিবেশন করতে হলে প্রতিটি উপাদান কী পরিমাণে লাগতে পারে, আপনার সন্তানকে সে হিসাব বের করতে বলুন।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- ১০,০০০ পর্যন্ত পূর্ণ সংখ্যা পড়বে ও লিখবে।
- সংখ্যাকে সবচেয়ে কাছের দশকের সমান করে নেবে (যেমন, ৮৭৮ কে ৮৮০-র সমান করে নেবে), এবং সবচেয়ে কাছের শতকের সমান করে নেবে (যেমন, ৪৪৬ কে ৪০০-এর সমান করে নেবে)।
- বুঝবে যে, দশমিক হচ্ছে সম্পূর্ণ কোন কিছুর একটি অংশ। উদাহরণত, সারাহ্‌র কাছে ২টি ডাইম এবং ২টি পেনি আছে। এটাকে $০.২২ দিকে প্রকাশ করা যেতে পারে। উল্লেখযোগ্য ভগ্নাংশ চিহ্নিত করবে (অর্ধেক, এক তৃতীয়াংশ, এক চতুর্থাংশ এক পঞ্চমাংশ, এক ষষ্ঠমাংশ এবং এক দশমাংশ) এবং দৃষ্টি-নির্ভর মডেল ব্যবহার করে, সমমানের ভগ্নাংশকে চিহ্নিত করবে (উদাহরণস্বরূপ, $^{১}/_{২}=^{২}/_{৪}$)।
- বহুভুজের নাম শিখবে, যেমন ত্রিভুজ, পঞ্চভুজ, এবং অষ্টভুজ। জানবে যে বহুভুজের নামগুলি বাহুর এবং কোণের সংখ্যার সাথে সম্পর্কিত। যেমন, ত্রিভুজের তিনটি বাহু এবং তিনটি কোণ আছে।
- একটি বহুভুজের বাহুগুলির দৈর্ঘ্য যোগ করে পরিসীমা বের করবে।
- সূক্ষ্মকোণ (৯০ ডিগ্রির কম), স্থুল কোণ (৯০ ডিগ্রীর বেশি), সমকোণ (ঠিক ৯০ ডিগ্রি), এবং সরলকোণ (১৮০ ডিগ্রি) হিসাবে ‘কোণ’ শ্রেণিভাগ করবে।
- রুলার ব্যবহার করে সবচেয়ে কাছের পূর্ণ ইঞ্চি, আধা-ইঞ্চি, এক চতুর্থ ইঞ্চি, ফুট, গজ, সেন্টিমিটার, এবং মিটার পর্যন্ত মাপবে।
- উপাত্ত ব্যবহার করে পূর্বাভাস তৈরি এবং পেশ করবে।
- উপাত্ত সংগ্রহ ও লিপিবদ্ধ করার জন্য পর্যবেক্ষণ, জরিপ, এবং নিরীক্ষণ ব্যবহার করবে। টেবিল, স্তম্ভ, গ্রাফ, এবং পিক্টোগ্রাফ ব্যবহার করে উপাত্ত প্রকাশ করবে।
- কোন গাণিতিক মন্তব্য সত্য না মিথ্যা, তা নির্ধারণ এবং ব্যাখ্যা করবে।

বিজ্ঞান

চতুর্থ গ্রেডের বিজ্ঞান তাদের পরিবেশে পশুপাখি ও উদ্ভিদ, বিদ্যুৎ এবং চৌম্বকত্ব, পানির ধর্ম, এবং বায়ু, পানি এবং ভূমির পারস্পরিক ক্রিয়া অনুসন্ধান করে।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- কীভাবে বায়ু, পানি এবং সৌর শক্তি ব্যবহার করে উদ্ভিদ খাদ্য তৈরি করে তা অন্বেষণ করে দেখবে ।
- পরিবেশের অবস্থা – যেমন মজুদ খাদ্য, পানি, বায়ু, স্থান, আশ্রয়, তাপ, এবং সূর্যালোকের পরিমাণ – কীভাবে সজীব বস্তুর বৃদ্ধি ও বিকাশকে প্রভাবিত করতে পারে তা বর্ণনা করবে।
- চৌম্বকত্ব যে একটি শক্তি এবং তা কিছ পদার্থকে আকর্ষণ ও কিছ পদার্থকে বিকর্ষণ করে, সে সম্পর্কে ধারণালাভ করবে।
- পানির ভৌত ধর্ম পর্যবেক্ষণ, বর্ণনা এবং অনুসন্ধান করে দেখবে।
- বিভিন্ন বস্তু নিয়ে পরীক্ষা করে দেখবে তারা ভাসে না ডুবে যায়।
- কোন দ্রব্য, যেমন তেল বা তরল সাবান, পানিতে কীভাবে দ্রবীভূত হয় তা পর্যবেক্ষণ করবে।
- কীভাবে পদার্থ এক অবস্থা থেকে আরেক অবস্থায় পরিবর্তিত হয়, যেমন কঠিন (বরফ) থেকে তরল (পানি) থেকে গ্যাস (বাষ্প), তা পরীক্ষা এবং বর্ণনা করবে।
- কীভাবে ক্ষয় ভূপৃষ্ঠের পরিবর্তন ঘটায় তা বর্ণনা করবে।
- অধঃক্ষেপ, ঘনীভবন ও বাষ্পীভবনের মত প্রাকৃতিক প্রক্রিয়ায় কীভাবে পৃথিবীতে পানি পুর্নব্যবহার হয় তা বর্ণনা করবে।
- ঝড়, দাবানল অথবা অন্যান্য চরম প্রাকৃতিক ঘটনার ইতি এবং নেতিবাচক প্রভাব অনুসন্ধান করবে।

বাড়িতে শেখা

বিদ্যুৎ আপনার বাড়িকে কীভাবে প্রভাবিত করে, তা নিয়ে সন্তানের সঙ্গে কথা বলুন। যদি বিদ্যুৎ না থাকতো তাহলে আমাদের জীবন কেমন হতো, তার কিছু তালিকা করুন।

একটি টেরারিয়াম (স্বচ্ছ কাচের পাত্র যেটির মধ্যে উদ্ভিদ জন্মান হয়) বানাতে আপনার সন্তানকে সাহায্য করুন (নির্দেশনার জন্য www.kids.nationalgeographic.com/Activities/Crafts/Miniature-garden ওয়েব সাইট দেখুন বা লাইব্রেরিতে) খুঁজুন। টেরারিয়াম বন্ধ থাকলে কীভাবে গাছপালা তার পানি এবং পুষ্টি পায় তা নিয়ে কথা বলুন।

সন্তানকে সঙ্গে নিয়ে আপনার বাড়ির কাছাকাছি, ক্ষয়ের উদাহরণ খুঁজে দেখুন। ক্ষয়ের জন্য দায়ী এই পানি কোথা থেকে এসেছিল? কোথায় চলে গেল?

শিশুদের জন্য আমেরিকান মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রি নির্মিত ওয়েব সাইট www.amnh.org/ology/water/. জ্ঞান সম্পর্কিত বিজ্ঞানের বিভিন্ন এলাকায় গিয়ে *আপনার সন্তান পানির ভূমিকা সম্পর্কে আরও জানতে পারবে।*

বাড়িতে শেখা

পরিবারের সবাইকে নিয়ে আপনার বাড়ির কাছে কোন নিউ ইয়র্ক সিটির কোন পার্ক অথবা খেলার মাঠে বেড়িয়ে আসুন। জায়গাটির নাম এবং যার নামে পার্কটির নামকরণ হয়েছে, তার কাহিনি ব্যাখ্যা করে, এমন ঐতিহাসিক চিহ্ন খুঁজে দেখুন। আপনার বাড়ির কাছে পার্ক বা চিহ্ন খুঁজে নিতে নিচের ওয়েব সাইট www.nycgovparks.org/sub_your_park/historical_signs.html দেখুন ।

সাউথ স্ট্রিট সি-পোর্ট মিউজিয়াম নিউ ইয়র্ক সিটির আদি জাহাজ শিল্পের দৃশ্য এবং শব্দের আবহ সৃষ্টি করে দেখায়। সমুদ্রবন্দরের ইতিহাস, সময়পরিসর এবং প্রদর্শনীয় বস্তুর ছবি দেখার জন্য এই মিউজিয়ামের ওয়েব সাইট www.southstreetseaportmuseum.org দেখুন।

আফ্রিকান সমাধিক্ষেত্র ঔপনিবেশিক নিউ ইয়র্ক সিটিতেআফ্রিকানদের অবদান ও ঐতিহ্যের স্মারকচিহ্ন বহন করে। এই সমাধিক্ষেত্রের ওয়েবসাইট www.africanburialgrounds.gov দেখুন।

আপনার সন্তানকে আপনার বরোর এবং আপনার মহলল্লার সিটি কাউন্সিলের সদস্যদের নাম এবং ঠিকানা বের করতে বলুন। এদের প্রত্যেকে কী ধরনের বিষয় নিয়ে কাজ করেন? এদের একজনকে আপনার এলাকার কোনো একটি বিষয় নিয়ে একটি চিঠি লিখুন।

সমাজপাঠ

চতুর্থ গ্রেডের সমাজপাঠে শিক্ষার্থীরা নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের সরকার এবং ইতিহাস অন্বেষণ করবে।

স্কুলবছরের শেষে, সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- কীভাবে আমাদের রাষ্ট্র, অঙ্গরাজ্য এবং শহরের বিকাশে ঘটেছে সে সম্পর্কে মৌলিক ধারণা জানবে এবং বুঝবে। বিষয়টিতে নিউ ইয়র্ক স্টেটের আদিবাসী আমেরিকান ইন্ডিয়ানদের জীবন, ঔপনিবেশিক কাল ও স্বাধীনতা যুদ্ধের কাল, এবং শিল্পকারখানা, নগর এবং সরকারের বিকাশ সম্পর্কেও আলোকপাত করা হবে।
- সমাজপাঠ বিষয়ক তথ্যসংগ্রহে এবং নিজস্ব অভিমত গঠনে সহায়তালাভে নিজেদের দক্ষতা ব্যবহার করবে তারা। যেমন, তথ্য সংগ্রহ ও বিন্যস্ত করার জন্য তথ্য টুকবে, দৃষ্টিকোণ চিহ্নিত করবে, দলগতভাবে উপস্থাপনা প্রস্তুত করার জন্য একসাথে কাজ করবে, এবং বর্তমান ঘটনা এবং বিষয়গুলির উপর সারসংক্ষেপ তৈরি করবে।
- সমাজপাঠে নানা বিষয়ের উপর গবেষণা এবং উপস্থাপনা করবে, যেমন নিউ ইয়র্ক এবং আমেরিকান ইতিহাস সম্পর্কিত ভূগোল, ইতিহাস, সরকার, অর্থনীতি।
- বিপ্লবী যুদ্ধের ঘটনার ক্রম বুঝবে এবং বর্ণনা করবে, এর অন্তর্ভুক্ত থাকবে অর্থনৈতিক বিষয়, যেমন কর, সম্পদ।
- শিল্পকারখানা, নিউ ইয়র্ক স্টেট, এবং যুক্তরাষ্ট্রের বিকাশের জন্য নিউ ইয়র্ক সিটির অবস্থান কেমন করে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল তা বুঝবে এবং বর্ণনা করবে ।
- অতীতে এবং বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী বিভিন্ন অভিবাসী গোষ্ঠী সম্পর্কে গবেষণা করবে এবং জানবে।
- যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠাপর্বের গুরুত্বপূর্ণ দলিলপত্র যেমন, স্বাধীনতার ঘোষণা, শাসনতন্ত্র, অধিকার আইন এবং একটি গণতান্ত্রিক ব্যবস্থায় সরকারের ভূমিকা অনুধাবনে এগুলো আমাদের কীভাবে সাহায্য করে সে-বিষয়ে অবগত হবে।
- স্থানীয়, স্টেট এবং ফেডারেল সরকারের কর্তব্য বিষয়ে তুলনামূলক আলোচনা করবে।
- নাগরিকত্বের এবং সরকারে সক্রিয় অংশগ্রহণের গুরুত্ব অনুধাবন করবে।

আরও অপরিহার্য জ্ঞান এবং দক্ষতা

আমাদের চতুর্থ গ্রেডের শিক্ষার্থীরা পড়া, লেখা, অঙ্ক এবং বিজ্ঞান ও সমাজপাঠের মূল ধারণাগুলো বুঝতে পারার বাইরেও আরও অনেক বেশি শিখছে।

- ***শিল্পকলা:*** চতুর্থ গ্রেডের শিক্ষার্থীরা দৃশ্যকলা, নৃত্য, সঙ্গীত, এবং থিয়েটার শিক্ষার উপর অধ্যয়ন করবে। তারা শুধু এই বিষয়গুলি সম্পর্কেই শিখছে না, তাদেরকে তাদের নিজস্ব শিল্পকলার কর্ম সৃষ্টি এবং/অথবা অনুষ্ঠান করারও সুযোগ দেয়া হচ্ছে, সেটা হোক পেইন্টিং, একটি নৃত্য, একটি নাটিকা অথবা একটি সঙ্গীত। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***শারীরিক পটুতা এবং স্বাস্থ্য:*** দৈহিকভাবে কর্মঠ থাকা, স্বাস্থ্যকর জীবনধারা তৈরি করার এবং বিভিন্ন ধরনের প্রথাগত ও অপ্রথাগত শারীরিক পটুতা বিষয়ক কার্যক্রমের জন্য শিক্ষার্থীরা সুযোগ লাভ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***লাইব্রেরি ও গবেষণা:*** শিক্ষার্থীরা বাড়িতে পড়ার জন্য ভালো বই নিয়ে যেতে পারবে এবং ব্যাপক ব্যাপ্তির শিক্ষানির্দেশনামূলক সহায়ক ব্যবহার করার দক্ষতা অর্জন করবে, যা তাদের সকল বিষয়ে সাহায্য করবে, যেমন প্রশ্নের উত্তর দেয়ার জন্য যথাযথ উৎস নির্বাচন ও ব্যবহার করা; মূল ধারণাকে সমর্থন করার জন্য তথ্য এবং বিবরণ চিহ্নিত করা, তথ্য পরিষ্কারভাবে উপস্থাপন করা যাতে মূল কথাটি স্পষ্ট হয়ে উঠে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.
- ***প্রযুক্তি:*** চতুর্থ গ্রেডের শিক্ষার্থীরা তথ্যে ঢোকার জন্য লেখা, যোগাযোগ, সমস্যা-সমাধান, এবং তাদের কাজের প্রকাশনার জন্য, পুরো স্কুল দিবসব্যাপী এবং বাড়িতে কম্পিউটার, ক্যালকুলেটর, ওয়েব এবং অন্যান্য প্রযুক্তিগত হাতিয়ার ব্যবহার করছে। তারা দৈনন্দিন জীবনে প্রযুক্তির সাধারণ প্রয়োগ নিয়ে আলোচনা করতে সমর্থ হবে, এমনকি প্রযুক্তির দায়িত্বশীল প্রয়োগ এবং অপপ্রয়োগের ব্যক্তিগত পরিণাম নিয়েও আলোচনা করতে সমর্থ হবে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics.

আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি গ্রেড কে থেকে ৮ পর্যন্ত সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 - এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 4th (Bengali)